4496 শ্রী শ্রী কালী I 4146

15000रू. भारतीय गैर न्यायिक 15000रू.

INDIA NON JUDICIAL

पन्द्रह हज़ार रुपये

RUPEES FIFTEEN THOUSAND

सत्यमेव जयते

Rs.15000 भारत INDIA Rs.15000

0JBB 926490

থানা- সোনারপুর , মৌজা- বারইপাস মরতাবাদ ,

৩,২০,০০০্ টাকার বিক্রয় কোবালা :-

জমি - ২ কাঠা ২ ছটাক ২৬ বর্গফুট ।।

-- -- -- -- -- -- -- --

Admissable under rule 21 ... Stamped of 614 of L. R. Act under the Indian Stamp Act 1899 Corrected upto 1974 Schedule I A No. ... Fees Paid ₹ 3509/-

Process fees Rs. ...

Additional District Sub-Registrar Sonarpur South 24-Pgs.

17/5/2000

Rs. 160.00/

3,20000/

কোবালা গ্রহীতা :-

শ্রী কিশোর লাল সাউ , পিতা - শ্রী মনোহর লাল সাউ ,

জাতি- হিন্দু , পেশা - ব্যবসা , সাং- গড়িয়া চাউল পট্টী


( হাট) পোঃ- গড়িয়া , কলিকাতা - ৮৪ , থানা- সোনারপুর

জেলা- দক্ষিন ২৪ পরগনা ।

..........

3509.00

1000 Rs.




( ২ )

কোবালা দাতা :-

শ্রী বলাই মন্ডল , পিতা - বিশ্বনাথ মন্ডল ,

জাতি- হিন্দু , পেশা - ব্যবসা , সাং- বারুইপুর ফরতাবাদ

থানা- সোনারপুর , জেলা- দক্ষিন ২৪ পরগনা ।।

--------

কস্য আমার সাফ্ কোবালা দলিল মূলে খরিদা খাসে ভোগ দখলি হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিস্ট স্বত্বের খেরাজী বাগান জমি জমা যায় দরবস্তু হক্ হকুক ও চলাচলের ইজমেন্ট স্বত্ব সমেত চিরতরে নি:স্বত্ব বিক্রয় সাফ্ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

রমেশ হাইত এবং তাহার একমাত্র পত্নী কমলা মন্ডল পৈতৃক ওয়ারিশান সূত্রে ও

জেলা- দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা, ডি, সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর পরগনা মেদনমল্ল , মৌজা- বারইঁাস ফরতাবাদ গ্রামের মধ্যে রিভিসন্যাল সেটেলমেন্ট সেটেলমেন্ট জরিপের খতিয়ান ১৩৯৫ তের শত পঁচানব্বই নং ভুক্ত ১৮৫ একশত পঁচাশী নং দাগে বাগান ০৭ শতক জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং দ্বারা পরিবেস্টিত ২ কাঠা ২ ছটাক ২৬ বর্গফুট জমি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।।

অত্র দাগের ১০ শতক জমি ও আরো অন্যান্য জমি জমাদি সহ জনৈক বিশ্বনাথ মন্ডল ও স্বর্গীয় লক্ষন মন্ডলের পত্নী কালো মনি দাশীর স্বত্ব দখলি সম্পত্তি থাকে । তাহারা রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে নিজ নাম পত্তন করিয়া খাজনাদি আদায়ে খাসে ভোগবান ও ভোগবতী এবং দখলে কায়েম দখলিকার ও দখল কারিনী থাকা কালে উক্ত কালোমনি দাশীর অর্দ্ধাংশের জমি বিগত ইং- ২৪।১২।১৯৭৯ তারিখে আলিপুর সদর রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত বুক নং-১ ভল্যুম নং- ১৭৪ , পাতা ১৯৮ - ২০১ নং এবং ৭০৩০ নং সাফ্ কোবালা দলিল মূলে উক্ত সরিক উক্ত বিশ্বনাথ মন্ডল কে বিক্রয় করিয়া স্বত্ব ও দখল হীনা হয়েন । অতঃপর উক্ত বিশ্বনাথ মন্ডল ষোল আনা রকমে মালিক হইয়া খাজনা ও ট্যাক্স আদি আদায়ে খাসে ভোগবান ও দখলিকার থাকা কালে কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাহার এক পুত্র শ্রীতরুন মন্ডল এবং তিন কন্যা রানী মন্ডল ও গৌরী দাস এবং রমা হাইত এবং তাহার একমাত্র পত্নী কমলা মন্ডল পৈতৃক ওয়ারিশান সূত্রে ও

স্বামীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া খাজনাদি আদায়ে খাসে ভোগ দখলিকার ও দখলকারিনী থাকা কালে উক্ত সকল সম্পত্তি একযোগে বিগত ইং- ৪।১১।৯২ তারিখে সদররেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ৭২৭ নং জেনারেল পাওয়ার অফ এটর্নি মূলে শ্রীমতী কমলা বালা মন্ডল কে আমমোক্তার নিযুক্ত করেন। অতঃপর উক্ত কমলা বালা মন্ডল মহাশয়াউক্ত আমমোক্তার নামা বলে বিগত ইং- ৫।৪।৯৩ তারিখে আলিপুর সদর অফিসে রেজিস্ট্রীকৃত ৪৯৭৭ নং সাফ কোবালা মূলে কোবালা দাতা আমাকে বিক্রয় করিয়া স্বত্ব ও দখলচ্যুত হয়েন। তৎপরে আমি খাজনা ও রাজপুর- সোনারপুর পৌরসভার ট্যাক্স আদি আদায়ে খাসে ভোগবান ও দখলিকার আছি এবং অত্র জমিতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব ও টাইটেল আদি বিদ্যমান আছে।।

এক্ষনে আমার নগদ অর্থের বিশেষ প্রয়োজনে উক্ত নিম্ন তপশীল বর্নিত জমি জমা চিরতরে বিক্রয় করিবার জন্য ঘোষনা করিলে আপনি উচিৎ মূল্য দিয়া খরিদ করিতে সম্মত হওয়ায় আমি উক্ত জমি জমার বর্তমান বাজার পরাপর সর্ব্বোচ্য মূল্য- ৩,২০,০০০৲ তিনলক্ষ কুড়ি হাজার টাকা পোন লইয়া আপনার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া এবং দখল দিয়া স্বীকার অঙ্গিকার করিতেছি যে :-

আপনি অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রীত জমি জমাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে কায়েম দখলিকার হইয়া বর্তমান মালিক সরকারে নিজ নামে পত্তন করিয়া ধার্য্য খাজনাদি আদায় দিয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিশান যায়-

স্থলাভিষিক্ত গনক্রমে দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তরাদির দ্বারা যথেচ্ছা ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ভাবি ওয়ারিশান গনের অত্র জমি জমার প্রতি কোন প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি থাকিল না, করিলেও তাহা অত্র কোবালার দ্বারা সর্ব্ব আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ।।

আরও প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত জমি জমা আমি ইতি পূর্বে অন্য কোন স্থানে কোন রকমের হস্তান্তর বা দায় সংযোগ করি নাই, কোন সরিকবা স্বত্ববান ব্যক্তি নাই, কোন দেনার দায়ে ক্রোক বা নিলাম হয় নাই। গভর্ণমেন্ট ও কোন কোম্পানী কর্তৃক অধিকৃত বা ল্যান্ড এ্যাকুইজিশান হয় নাই। অপর কোন স্থানে বিক্রয়ের চুক্তি করি নাই, দেবত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে। উক্ত জমি জমা সম্পূর্ন নির্দায় নির্দোষ নির্গোল এবং আমার খাস দখল থাকাবস্থায় আপনাকে বিক্রয় করিলাম।

যদি ভবিষ্যতে আমার দ্বারা কৃত কোন কার্য্যের জন্য আপনার অত্র খরিদা স্বত্ব দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হয় তাহা পূরন করিতে আমি মায় ওয়ারিশান গনক্রমে বাধ্য রহিলাম। যদি ভবিষ্যতে অত্র দলিলের কোন অংশে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে আমি বিনা পোন গ্রহনে আপনার খরচায় পুনরায় ভুল সংশোধন দলিল রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

( ৬ )

এই সকল সর্তে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিয়া পোনের বাবদ সমুদয় টাকা নিম্নের জায়মত এককালিন বুঝিয়া পাইয়া সুস্থ শরীরে সরল অন্তকরনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা লিখিয়া দিলাম ।

ইতি তাং- বাংলা ১৪০৭ সনের - ৩রা জ্যৈষ্ঠ

ইংরাজী ২০০০ সালের - ১৭ই মে

-: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-

-----------------------------

জেলা-- দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা, ডি, সাবরেজিস্টী অফিস সোনারপুর , পরগনা মেদনমল্ল , মৌজা- বারইহাঁস ফরতাবাদ গ্রামের মধ্যে রায়ত দখলি স্বত্ব বিশিস্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনার কালেক্টার অধিনে এক জমা ভুক্ত মোট ১০ শতকের বার্ষিক খাজনা ১৫০ পয়সা জমার মধ্যে ২ কাঠা ২ ছটাক ২৬ বর্গফুট হারাহারি বার্ষিক খাজনা ৪৫ পয়সা জমা মূল্য - ৩,২০,০০০ তিন লক্ষ কুড়ি হাজার টাকা জে,এল, নং- ৪৭ , রে,সা, নং- ৭ , তৌজি নং- ১০১ , রিভিসেন্যাল সেটেলমেন্ট খতিয়ান ১০৯৫ তের শত পঁচানব্বই নং ,

১৮৫ এক শত পঁচাশী নং দাগে বাগান ০৭ শতক মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নক্সায় লাল রং দ্বারা পরিবেস্টিত ২ দুই কাঠা ২ দুই ছটাক ২৬ ছাব্বিশ বর্গফুট জমি বিক্রয় মাত্র । অত্র জমিতে চাষ হয় ।

SITE PLAN OF R. S. PLOT No. 185 (PART)
MOUZA---BARHANSFORTABAD. J.L. No 47
P. S. -----SONARPUR.
DIST. -----24 PARGANAS. (SOUTH).
SCALE---33 FT = 1" INCH.

AREA :- 2K-2CH-26 SF




Drawn by
N. Guha
27-4-2000

দলিল পাঠ করিয়া দাতাকে শুনাইলাম ।।

টাকার জায় :-

১০০ টাকার নোট ৩২০০ কেতায় মোট

৩,২০,০০০ তিন লক্ষ কুড়ি হাজার টাকা প্রাপ্ত হইলাম ।।

মুসাবিদা কারক :-

ইসাদি :-

টাইপ কারক :-

সোনারপুর সাবরেজিস্ট্রী অফিস ।